



সেপ্টেম্বর/২০২১ এর মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

"শুজিব বর্ষের আহবান
দক্ষ হয়ে বিদেশ যান"

Mr Khurshid
President
Lurik

সভার সভাপতি : জনাব মোঃ শহীদুল আলম, এনডিসি (অতিরিক্ত সচিব)
মহাপরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো।
তারিখ : ২০/০৯/২০২১ খ্রিঃ, সকাল ০৯.৩০ টা।
উপস্থিতির তালিকা : পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।

সভার সূচনালগ্নে উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভাপতি সভা শুরু করেন। প্রারম্ভিক বক্তব্যে তিনি সকলকে নিষ্ঠা, সততা ও দক্ষতার সাথে নিজ নিজ দায়িত্ব পালনের আহবানসহ বিএমইটির সকল কর্মকর্তাকে দাপ্তরিক কার্যক্রম যথাযথভাবে পালনের আহবান জানান। এছাড়াও কোভিড-১৯ সংক্রমণ ঝুঁকি এড়াতে স্বাস্থ্য বিধি মেনে চলার নির্দেশনা প্রদান করেন।

০২। বিগত আগস্ট/ ২০২১ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের জন্য সভায় উপস্থাপন করা হলে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে নিশ্চিতকরণ করা হয় এবং সভার আলোচ্য সূচি অনুসারে বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করা হলে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রম:	আলোচ্যসূচি	সিদ্ধান্ত		বাস্তবায়নে
(১)	(২)	(৩)		(৪)
০১)	প্রশাসন ও অর্থ শাখার কার্যক্রম: (প্রশাসন)	১.১	প্রতি মাসের ১ম সোমবারের মধ্যে বিএমইটির সমন্বয় সভার আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	পরিচালক (প্রশাসন ও অর্থ)
		১.২	মন্ত্রণালয়ের সমন্বয় সভার এজেন্ডাসমূহ বিশেষত অনির্দিষ্ট বিষয়গুলোও বিএমইটির সমন্বয় সভায় অর্ন্তভুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	পরিচালক (প্রশাসন ও অর্থ)
		১.৩	যে সকল ডেস্কে একজন মাত্র কর্মকর্তা/কর্মচারী রয়েছে সেখানে তাঁর প্রতিকল্প ০১ (এক) জন কর্মকর্তা/কর্মচারীর দায়িত্ব পালনের জন্য নথি উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং এ সংক্রান্ত একটি অফিস আদেশ প্রশাসন শাখা হতে জারী করার সিদ্ধান্ত গৃহীত হয়। কোন ডেস্ক শূন্য রাখা যাবে না, প্রয়োজনে একজন কর্মকর্তা নিজ দায়িত্বের বাইরে অতিরিক্ত দায়িত্ব পালন করবেন। এবিষয়ে শাখার পরিচালকগণ স্ব স্ব ক্ষেত্রে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।	পরিচালক (প্রশাসন ও অর্থ)
		১.৪	সমন্বয় সভার পূর্বে অতি গুরুত্বপূর্ণ বিষয়গুলো নিয়ে সুবিধামত সময়ে বিএমইটির অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)/(কর্মসংস্থান) নিজ নিজ উইং-এ পৃথকভাবে ০১টি করে প্রি-মিটিং এর আয়োজন করবেন। এই প্রি-মিটিং এর ভিত্তিতে সমন্বয় করে ০২টি উইং-এর গুরুত্বপূর্ণ এজেন্ডাগুলোই শুধুমাত্র মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	১। অতিরিক্ত মহাপরিচালক (প্রশিক্ষণ/কর্মসংস্থান) ২। পরিচালক (সকল)
		১.৫	বিএমইটির বিদ্যমান নিয়োগবিধি সংশোধনঃ শীঘ্রই বিএমইটির বিদ্যমান নিয়োগবিধি সংশোধন করে মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপপরিচালক (প্রশাসন ও অর্থ)
বাজেট ও অর্থ :	১.৬	• (APA & NIS) বাস্তবায়নঃ এপিএ/এনআইএস এর কর্মসম্পাদন সূচক অনুযায়ী যথাসময়ে কার্যক্রম সম্পন্ন করতে হবে এবং এপিএ এর লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে। বিএমইটির আওতাধীন দপ্তরসমূহের ২০২১-২০২২ অর্থ বছরের APA & NIS বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা নিয়ে জরুরি ভিত্তিতে ভার্সিয়াল ফিডব্যাক সভার আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়। • বিএমইটি শাখাভিত্তিক On the Job ইন-হাউজ ট্রেনিং-এ অর্ন্তভুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	১। পরিচালক (সকল) ২। ফোকাল পয়েন্ট কর্মকর্তা (APA & NIS)	
		১.৭	বিএমইটির বহির্গমন শাখায় জনবল সংকট নিরসনের জন্য প্রয়োজনীয় জনবল পদায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।	পরিচালক (প্রশাসন ও অর্থ)
		১.৮	বাজেট ও অডিট আপত্তি নিষ্পত্তিকরণঃ বিএমইটির প্রাপ্ত বাজেট যথাযথভাবে বিতরণ ও ব্যবহার এবং অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে সহকারী পরিচালক (অর্থ) ও ডিডিও জনাব মালিক মোঃ তৈমুর গোফরান দু'ত একটি সভা আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।	সহকারী পরিচালক (অর্থ) ও ডিডিও বিএমইটি ঢাকা
১.৯	মামলাসমূহ নিষ্পত্তিঃ বিএমইটির বিভিন্ন মামলা ও বিভাগীয় মামলাসমূহের সংখ্যা ও মামলার সমগ্র তথ্যাদি পরবর্তী সমন্বয় সভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী পরিচালক (আইন ও বিধি)		

৩০

